গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

সংসদ ও সমন্বয় শাখা

মে ২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরনি।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সচিব |
| সভার তারিখ | ৩০-০৫-২০২৩ খ্রি. |
| সভার সময় | দুপুর ২:০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক: সভায় উপস্থিত কর্মকর্তাগণ |

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্হাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২৭-০৪-২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন সংশোধনী না থাকায় গত ২৭-০৪-২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করা হয়। তিনি ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ'র খসড়া নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>সভাপতি কর্তৃক এপিএ'র সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১) এপিএ'র সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল এপিএ টীম নিয়মিত সভা করবে। দপ্তর/ সংস্থা প্রধানগণ ও মন্ত্রণালয়ের এপিএ টীম লিডার বিষয়টি নিশ্চিত করবেন। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২. এপিএ টীম লিডার নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ | সিস্টেম এনালিস্ট নৌপম সভায় মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে,<br>ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় ৯৫.১১% ফাইল ই-নথিতে সম্পন্ন করেছে। সংস্থা সমূহের অগ্রগতি সন্তোষজনক। তিনি জানান ইতোমধ্য সংস্থাসমূহের মধ্যে টিসি, পাবক, মোবক, নাবিক ও প্রবাসী কল্যান পরিদপ্তর, মেরিন একাডেমী এর কার্যক্রম ই-নথির পরিবর্তে ডি-নথিতে কার্যক্রম শুরু করা হয়েছে। তবে মোবক, স্থলবন্দর এবং টিসি এর কার্যক্রম আরো বেগবান করা প্রয়োজন। সভাপতি কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয় আওতাধীন যেসকল দপ্তর/সংস্থায় ই-নথিতে কার্যক্রম এখনও শুরু করেনি সেসকল দপ্তর/সংস্থাকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে কার্যসম্পাদনে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>সভাপতি দপ্তর/সংস্থাসমূহকে ই-নথি/ডি-নথিতে পরবর্তীতে লক্ষ্যমাত্রা অর্জন করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথি/ডি-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থা সমূহের ৩৬৮টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া ৮৪০টি অগ্রিম অডিট আপত্তি ও ১৫১টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৩৫৯ টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এগুলোর সাথে ১৩৯০০.৯৯/-কোটি (তেরো হাজার নয়শত কোটি নিরানব্বই লক্ষ) টাকা জড়িত আছে।<br>তিনি জানান, দপ্তর/সংস্থা সমূহের সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি অডিট আপত্তির তথ্য চবক, মোবক এবং বিএসসি হতে পাওয়া গেছে। ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার প্রতিবেদন পাঠানো হয়েছে। আগামী ০২ মাসের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তিতে ভাল অগ্রগতি আশা করা যায় মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ১. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২. দপ্তর/সংস্থা সমূহের সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি অডিট আপত্তি চিহ্নিত করে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৫. | দেওয়ানী মামলা সংক্রান্ত তথ্য | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত দেওয়ানী ও রিট মামলার সংখ্যা ৪৯৩ টি। ৪৭৩ টির জবাব দাখিল করা হয়েছে। ২০ টির জবাব দাখিল করা হয়নি। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন মামলা যা আছে তা নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয়। |
| ৬. | তথ্য অধিকার আইন (আরটিআই) | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের মধ্যে<br>১) ৫ ধারা মোতাবেক তথ্যবলীর ক্যাটগরি ও ক্যাটালগ এবং<br>২) স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা কিছু অংশ ২৯-০৫-২০২৩ তারিখ করা হয়েছে এবং অবশিষ্ট অংশ ৩১-০৫-২০২৩ তারিখে হালনাগাদ করা হবে। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে।<br>৩. নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে আওতাভুক্ত সকল তথ্যাদি হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | নাম পদবি ব্যবহার সংক্রান্ত | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, মোবক, বাস্থবক, পাবক এবং জাতীয় নদীরক্ষা কমিশন এর পদনাম/পদবি পরিবর্তন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং পরবর্তীতে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে সারসংক্ষেপ প্রেরণ করা হয়েছে।<br>চবকের সচিব, উপসচিব (সমন্বয়), উপসচিব (জনসংযোগ) এবং সহকারী সচিবের পদনাম পরিবর্তনের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ করা হলে উক্ত পদ সমূহ সৃজনের জিও প্রেরণ করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুরোধ জানানো হয়েছে। চবক কে ০৯-০১-২০২৩ তারিখে এ বিষয়ে পত্র দেওয়া হয়েছে। এখনো জবাব পাওয়া যায়নি।<br>বিআইডব্লিউটিসি'র পদনাম পরিবর্তনের বিষয়ে চেকলিস্ট অনুযায়ী প্রস্তাব পাওয়া গিয়েছে। কার্যক্রম চলমান।<br>বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের পর অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত প্রস্তাব প্রেরণ করা হলে অর্থ বিভাগ হতে কিছু তথ্যাদি চাওয়া হয়েছে। উক্ত তথ্যাদি বিআইডব্লিউটিএ এর নিকট চাওয়া হয়েছে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/ বাস্থবক ও বিআইডব্লিউটিএ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করে প্রণয়ন প্রসঙ্গে | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার নিম্নবর্ণিত আইনসমূহ যুগোপযোগী করার কার্যক্রম চলমান রয়েছে।<br>The Ports Act, 1908: 'The Ports (Amendment) Act, 2015'-এর খসড়ার পরিবর্তে 'বন্দর আইন, ২০১৯' প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। এ লক্ষ্যে 'বন্দর আইন, ২০১৯' প্রণয়নের লক্ষ্যে বিল আকারে প্রস্তাবিত আইনের খসড়াসহ হালনাগাদ তুলনামূলক বিবরণী (বিদ্যমান সংশ্লিষ্ট বিধান, প্রস্তাবিত বিধান ও প্রস্তাবিত বিধানের স্বপক্ষে যৌক্তিকতা) সন্নিবেশ করে প্রণিতব্য আইনের খসড়ার ১৫ (পনের) সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৩-১০-২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সেই সাথেগত ২৪-০৪-২০২৩ তারিখে The Ports Act, 1908: 'The Ports (Amendment) Act, 2015'-এর খসড়া আইনটির ভাষা প্রমিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মূল আইন (The Ports Act, 1908) এর ৪কপি, প্রস্তাবিত বন্দর আইন, ২০২৩ এর খসড়ার ৫টি কপি (১.৫ লাইন স্পেস সম্বলিত) এবং এর সফট কপি (পেনড্রাইভে) জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>মোংলা বন্দরের "The Protection of Ports (Special measures) Act No. XVII of 1948" এর স্থলে "বন্দর সংরক্ষন আইন, ২০১৯" এর খসড়া বাংলা ভাষায় প্রণয়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ কর্তৃক গত ০৩-০৬-২০১৯ তারিখে প্রমিতকরণ করা হয়। বর্তমানে প্রনীতব্য আইনের খসড়াটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে | সকল প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ পূর্বক আইন সমূহ প্রণয়ন নিশ্চিত করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব (মোবক), নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | নীতিগতভাবে অনুমোদিত আইন মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে উপস্থাপন সংক্রান্ত। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, "বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (সংশোধন) আইন, ২০২১" শিরোনামে আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইন পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত কমিটির নিকট নৌপরিবহন মন্ত্রণালয় হতে ২৩-০১-২০২২ তারিখে প্রেরণ করা হয়। আইন পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত কমিটির ০৯-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক আইনের খসড়া সংশোধন করে নৌপরিবহন মন্ত্রণালয় হতে ২২-০৬-২০২২ তারিখে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে ১৮-০৫-২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় কিছু Observation প্রদান করা হয়। সভার কার্যবিবরণী অনুযায়ী সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। | মন্ত্রিসভা বৈঠকে নীতিগতভাবে অনুমোদিত আইনের খসড়া মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহ সংশোধন/পরিমার্জন ও রহিতক্রমে নূতন আইনে পরিণতকরণ | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, ১) The Merchant Shipping Ordinance, 1983 কে বাংলা ভাষা রূপান্তর করে বাংলাদেশ বানিজ্যিক নৌপরিবহন আইন, ২০২১ এর খসড়া প্রণয়ন করে বাবাকো হতে প্রমীতকরণ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ১২-০৯-২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে ১ম সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগে পর্যবেক্ষণের আলোকে বিশেষজ্ঞদের মাধ্যমে সংশোধন পূর্বক আইনের খসড়া প্রনয়ণের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>২) The Inland Shipping Ordinance, 1976 কে বাংলা ভাষা রূপান্তর করে অভ্যন্তীন নৌ চলাচল আইন, ২০২১ এর খসড়া প্রণয়ন করে প্রমীতকরণ করে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে উক্ত আইনের উপর ১ম সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগে পর্যবেক্ষনের আলোকে সংশোধিত কপি মন্ত্রিপরিষদ বিভাগে পুনরায় প্রেরণ করা হলে গত ২০-০৭-২০২০ খ্রি: তারিখের কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী সিদ্ধান্তের আলোকে সংশোধিত অভ্যন্তরীন নৌ চলাচল আইন-২০২২ এর কপি ১৫ (সেট) গত ০৫-০১-২০২৩ তারিখে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | সামরিক শাসনামলে জারিকৃত ১) MSO এবং ২) ISO দ্রুত অনুমোদনের প্রক্রিয়া শুরু করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | শূন্যপদ পূরণ সংক্রান্ত | মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের অনেক পদ শূন্য রয়েছে। শূন্য পদসমূহ জরুরি ভিত্তিতে পূরণ করা প্রয়োজন। সভাপতি জানান যে, মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী মহোদয় সকল শূন্যপদ আগামী ৬ মাসের মধ্যে পূরনের জন্য নির্দেশনা প্রদান করেছেন। দপ্তর/সংস্থায় আউটসোর্সিংয়ে নিয়োগ প্রদান করতে হলে প্রস্তবনা মন্ত্রণালয়ে পাঠাতে হবে। অর্থ বিভাগের সাথে সমন্বয় করে মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করবে।<br>তিনি উক্ত নির্দেশনা অনুসরন করে শূন্যপদ সমূহ পূরন নিশ্চিত করণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থার শূন্যপদে আগামী ৬ মাসের মধ্যে আবশ্যিকভাবে জনবল নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে। | ১) প্রধান সকল দপ্তর/সংস্থা<br>২) মন্ত্রণালয়ের প্রশাসন শাখা |
| ১২ | বিবিধ: | | | |
| | ১২.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত। | উপসচিব (টিএ) সভাকে অবহিত করেন যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব (সংস্থা-১) কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়। গত ২২-১১-২০২২ তারিখে কমিটির আহবায়কের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যস্থতায় দীর্ঘদিন যাবৎ বিরাজমান এ বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য বিআইডব্লিউটিএ থেকে প্রস্তাব পাওয়া গেছে। মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। | বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ও<br>২. উপসচিব (টিএ) নৌপরিবহন মন্ত্রণায়। |
| | ১২.২বিভাগীয় মামলার তথ্য প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, এপ্রিল ২০২৩ মাসে চলমান মামলা ৫টি। ২টি মামলার তদন্ত প্রতিবেদনের জন্য অপেক্ষমাণ। ৩টি মামলা ব্যক্তিগত শুনানী প্রদানের পর্যায়ে রয়েছে।<br>সভাপতি দপ্তর/সংস্থাপ্রধানগণ তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয় এবং দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১২.৩ পাবক-এর পরিচালক অর্থ/যুগ্ম পরিচালক (এস্টেট) পদে নিয়োগ প্রসঙ্গ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, নৌপরিবহন মন্ত্রণালয় হতে পাবকের পরিচালক (অর্থ) এবং যুগ্মপরিচালক (এস্টেট) পদে প্রেষণে নিয়োগ প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে যুগ্মপরিচালক (এস্টেট) পদে একজন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগ প্রদান করা হয়। পরিচালক (অর্থ) পদে কোন কর্মকর্তা পদায়ন করা হয়নি। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, পরিচালক (অর্থ) পদটি পূরনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ডিও প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি পদসমূহ জরুরী ভিত্তিতে পদটি পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন | পরিচালক (অর্থ) পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, পাবক ও উপসচিব (পাবক) নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ১২.৪ মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের বাজেট বাস্তবায়ন ও আর্থিক প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত। | উপসচিব (বাজেট) কর্তৃক সভায় নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের প্রথম প্রান্তিকের বাজেট বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২২ সালের আর্থিক প্রতিবেদন প্রকাশ সম্পর্কিত তথ্য উপস্থাপন করা হয়। সভাপতি অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী যথাযথ ভাবে বাজেট বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। | যথাযথভাবে মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ সালের বাজেট বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ১২.৫ মোবক-এর গৃহনির্মাণ ঋণ নীতিমালা এবং কর্মচারী প্রবিধানমালা অনুমোদন | উপসচিব (মোবক) জানান যে, গৃহনির্মাণ ঋণ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে গত ০৫-০১-২০২৩ তারিখে অতিরিক্ত সচিব (বন্দর) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২ এর ৫৮ ধারার ক্ষমতা বলে কর্মচারী প্রবিধানমালা ২০২৩ গ্রহণের জন্য পূর্নাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য ৮ জানুয়ারি মোংলা বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে এবং গৃহনির্মাণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | মোবক-এর গৃহনির্মাণ ঋণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ<br>২. উপসচিব (মোবক) নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১২.৬ বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন | উপসচিব (টিএ) জানান যে, গত ০৫-০৩-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ'র প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো যাচাই-বাছাই/পর্যালোচনা করার জন্য যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়-কে আহ্বায়ক করে ৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির ১ম সভা গত ২৯-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়<br>সভাপতি বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যানের পদটি গ্রেড-০১ করতে ব্যবস্থা গ্রহণ এবং এর ফলে সাংগঠনিক কাঠামো হালনাগাদ করণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ১২.৭ মোবকে সদস্য (অর্থ) পদটি পূরণ সংক্রান্ত | উপসচিব (মোবক) জানান যে, গত ১২-০২-২০২৩ তারিখে মোবকে ০১ জন সদস্য (অর্থ) পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | মোবকের সদস্য (অর্থ) পদটি পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মোবক |
| | ১২.৮ স্থলবন্দরের সাংগঠনিক কাঠামো অনুমোদন | স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো অনুমোদনের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে সচিব কমিটিতে অনুমোদিত হয়েছে।<br>সভাপতি দ্রুত সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য নির্দেশনা প্রদান করেন। | স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থলবন্দর কর্তৃপক্ষ |
| | ১২.৯ মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা প্রনয়ণ | মেরিন একাডেমীসমূহে নিয়োগ বিধিমালা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ১৫ মে ২০২৩ তারিখে সচিব কমিটিতে অনুমোদন করা হয়েছে।<br>সভাপতি কর্তৃক নিয়োগ বিধিমালা প্রণয়নের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা জরুরি ভিত্তিতে প্রণয়ন সম্পন্ন করতে হবে। | ১. কমান্ড্যান্ট সকল মেরিন একাডেমী<br>২. নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা |
| | ১২.১০ পাবকের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ | পাবকের চেয়ারম্যান জানান, পায়রা বন্দরের সাংগঠনিক কাঠামোটি বন্দর কার্যক্রম শুরু হওয়ার সময় অনুমোদিত সাংগঠনিক কাঠামোটিতে জনবল কম থাকায় বর্তমানে বিভিন্ন পদে আরও জনবল প্রয়োজন হওয়ায় এই সাংগঠনিক কাঠামোটি হালনাগাদ করা প্রয়োজন। সভাপতি কর্তৃক পাবকের সাংগঠনিক কাঠামোটি হালনাগাদকরণের কার্যক্রম দ্রুত প্রক্রিয়াকরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | পাবকের সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদকরণ করতে হবে। | ১. চেয়ারম্যান পাবক।<br>২. সিনিয়র সহকারী সচিব (পাবক) নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১২.১১ বিআইডব্লিউটিএ'র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি | বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান জানান যে, কয়েকটি বন্দরের ফোর শোর বিআইডব্লিউটিএর নিকট হস্তান্তর করা হয়নি। কয়েকটি বন্দরের ফোরশোরের মেয়াদ উর্ত্তীন হয়েছে। এসব ফোরশোর হস্তান্তর ও মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। সভাপতি কর্তৃক ফোরশোর সমূহের হস্তান্তর ও মেয়াদ বৃদ্ধি করার নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি কর্তৃক ফোরশোর সমূহে যেন কেউ অবৈধভাবে অনুপ্রবেশ করে কোনো ভবন বা স্থাপনাদি নির্মাণ করতে না পারে সেজন্য গণবিজ্ঞপ্তি জারি করতে হবে। | ফোর শোরসমূহের দ্রুত হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে এবং ফোরশোর সমূহে যেন কেউ অবৈধভাবে অনুপ্রবেশ করে কোনো ভবন বা স্থাপনাদি নির্মাণ করতে না পারে সেজন্য গণবিজ্ঞপ্তি জারি করতে হবে। | ১. চেয়ারম্যান বিআইডব্লিউটিএ<br>২. উপসচিব (বিআইডব্লিউটিএ) নৌপম। |
| | ১২.১২ স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা হালনাগাদকরণ | চেয়ারম্যান স্থলবন্দর জানান যে স্থলবন্দরের পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা হালনাগাদকরণ প্রয়োজন। সভাপতি কর্তৃক স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা দ্রুত হালনাগাদকরণ করার নির্দেশনা প্রদান করা হয়। | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা হালনাগাদকরণ করতে হবে। | ১. চেয়ারম্যান স্থলবন্দর<br>২. উপসচিব (স্থলবন্দর) নৌপম। |
| | ১২.১৩ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করার অনুরোধ করেন। দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা। |

১৩। আলোচনায় অংশ নিয়ে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব শেখ মো: শরীফ উদ্দিন এনডিসি জানান, মাদারীপুরস্থ এনএমআই এর নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। তিনি দ্রুত মাদারীপুর শাখার শিক্ষা কার্যক্রম শুরু করার অনুরোধ জানান।